



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

(www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২৬/১৪১৫

তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৬ এর আনুষঙ্গিক মালামাল বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, প্রবেশপত্র, মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, হাজিরা শীট এবং OMR সহ আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রসচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবে। হাজিরাশিট ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।


বিতরণের সময়সূচি:

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি	১৫/০৩/২০২৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	ভোলা ও পিরোজপুর	১৬/০৩/২০২৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	১৮/০৩/২০২৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বি. দ্র. ২০২৬ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্রে কোনো ভুল থাকলে সংশোধনের জন্য রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ২০/০৪/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ৫০০/- (পাঁচশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

উল্লেখ্য উক্ত মালামাল গ্রহণের জন্য ০২ (দুই) কপি আবেদন, কেন্দ্র নবায়ন ও কেন্দ্র স্থাপন ফি জমা রশিদের ফটোকপি জমা দিতে হবে। পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে জরিমানা বোর্ডের এসটিডি হিসাবে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২-০৩-২০২৬
প্রফেসর জি. এম. শহীদুল ইসলাম (৭০৪৯)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

ফোন: অফিস-০২৪৭৮৮৬৪৩৭০

মোবাইল নং: ০১৭১৫-০৯০৪৫২

প্রাপক

কেন্দ্রসচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র